# Official Spokesperson's response to media queries on China-Pakistan Joint Statement

November 03, 2022

# চিন-পাকিস্তানের যৌথ বিবৃতির উপরে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

নভেম্বর 03, 2022

চিন-পাকিস্তানের যৌথ বিবৃতির উপরে সংবাদ মাধ্যমের জিজ্ঞাসার উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি তার প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেনঃ

" সাম্প্রতিক পাকিস্তানের প্রধানমন্ত্রীর চিন সফরকালে ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল জম্মু ও কাশ্মীর নিয়ে প্রচুর অযৌক্তিক তথ্য সম্বলিত প্রকাশিত "যৌথ বিবৃতি" টি আমরা লক্ষ্য করেছি। এটি তথাকথিত চিন-পাকিস্তান অর্থনৈতিক করিডোর (সিপিইসি) এবং তৃতীয় দেশগুলিতে এর সম্প্রসারণের প্রকল্পগুলিরও উল্লেখ করেছে।

আমরা ধারাবাহিকভাবে এই ধরনের বিবৃতিগুলিকে প্রত্যাখ্যান করে আসছি এবং সংশ্লিষ্ট সকল পক্ষই এই বিষয়ে আমাদের অবস্থান সম্পর্কে পরিস্কার ভাবে অবগত রয়েছে। জম্মু ও কাশ্মীর কেন্দ্রশাসিত অঞ্চল এবং লাদাখ কেন্দ্রশাসিত অঞ্চল ভারতের অখন্ড ও অবিচ্ছেদ্য অঙ্গ এবং সবসময় তাই থাকবে। এই বিষয়ে অন্য কোনও দেশের কোনও রকমের মন্তব্য করার কোনও স্থান নেই।

তথাকথিত চিন-পাকিস্তান অর্থনৈতিক করিডোরের বিষয়ে আমরা আমাদের প্রতিবাদ এবং আমাদের উদ্বেগ ধারাবাহিকভাবে চিন ও পাকিস্তানকে জানিয়েছি। সিপিইসি বলপূর্বক এবং অবৈধ বহিরাগত দখলের দ্বারা ভারতের সার্বভৌম অঞ্চলের মধ্যে প্রকল্পগুলিকে অন্তর্ভূক্ত করে। এই এলাকার স্থিতাবস্থা পরিবর্তনে এই ধরনের প্রকল্পগুলিকে ব্যবহার করার প্রচেষ্টাকে আমরা দৃঢ়তার সাথে প্রত্যাখ্যান করি। এই ধরনের কর্মকান্ডে তৃতীয় কোনও পক্ষকে জড়িত করার প্রচেষ্টা স্বভাবতই বেআইনি, অবৈধ এবং অগ্রহণযোগ্য এবং আমাদের দ্বারা এই একইভাবে বিবেচিত হবে।"

নিউ দিল্লি

নভেম্বর 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.